



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০১৭.২২-১২১৪

তারিখ: ০৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

বিষয়: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জন্য একটি দৃষ্টিনন্দন 'মেয়র হাউজ' নির্মাণ।

সূত্র: এ বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.১৮.০১৭.২২-১০৫৮; তারিখ: ১১ সেপ্টেম্বর ২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জন্য 'মেয়র হাউজ' নির্মাণের প্রস্তাবটি বিবেচনার সুবিধার্থে নিম্নবর্ণিত তথ্য/কাগজপত্রসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হয়। কিন্তু চাহিত তথ্যসমূহ অদ্যাবধি পাওয়া যায়নি:

- প্রস্তাবিত ভূমির মালিকানা/রেকর্ড ও ভূমিতে বর্তমানে কোন স্থাপনা বিদ্যমান রয়েছে কিনা?
- কর্পোরেশনের সভায় অনুমোদিত হয়েছে কিনা? হয়ে থাকলে সভার কার্যবিবরণী;
- প্রস্তাবিত 'মেয়র হাউজ' এর নকশা, ডিজাইন, লে-আউট প্ল্যান, খাতভিত্তিক ব্যয় বিবরণী ও কিভাবে ব্যয় নির্বাহ করা হবে;
- ইতঃপূর্বে স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন নেয়া হয়ে থাকলে প্রশাসনিক অনুমোদনের কপি;
- পিপিএ-২০০৬ এর ধারা ৬৮ অনুযায়ী প্রকল্পটি রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে কিনা এবং সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণের যৌক্তিকতা; এবং
- প্রস্তাবটি অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটির (CCEA) নীতিগত অনুমোদনের লক্ষ্যে সংশ্লিষ্ট বিধি বিধান।

০২। বর্ণিতাবস্থায়, সূত্রোক্ত পত্রে চাহিত তথ্য/কাগজপত্রসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

(মোহাম্মদ শামছুল ইসলাম)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।